# বিএনপি প্রার্থী দিপুর বিরুদ্ধে হলফনামায় বিদেশি সম্পদ গোপনের অভিযোগ




সংগৃহীত ছবি

নারায়ণগঞ্জ–১ আসনে বিএনপির মনোনীত প্রার্থী মুস্তাফিজুর রহমান ভূইয়া দিপুর বিরুদ্ধে হলফনামায় বিদেশি সম্পদের তথ্য গোপনের অভিযোগ সামনে এসেছে। নির্বাচন কমিশনে জমা দেওয়া ঘোষণায় তিনি বিদেশে কোনো স্থাবর সম্পদ নেই বলে উল্লেখ করলেও, অনুসন্ধানে ভিন্ন তথ্য উঠে এসেছে।

বুধবার সন্ধ্যায় অনুসন্ধানী সাংবাদিক জুলকারনাইন সায়েরের এক ফেসবুক পোস্টে বিস্তারিত তথ্য প্রকাশ করেন। তিনি লিখেন, দিপু ও তাঁর স্ত্রী ইয়াসমিন ইসমাইল কানাডার অন্টারিও প্রদেশের টরন্টোর নর্থ ইয়র্ক এলাকায় একটি আবাসিক বাড়ির যৌথ মালিক। সম্পত্তিটির মূল্য প্রায় ১৬ লাখ কানাডিয়ান ডলার, যা বাংলাদেশি মুদ্রায় প্রায় ১৪ কোটি টাকার সমান। বাড়িটি তারা ২০১৫ সালের ২৭ নভেম্বর কিনেছিলেন এবং চলতি বছরের মে মাসে এর কর পরিশোধের নথিও পাওয়া গেছে।

এ বিষয়ে জানতে চাইলে গতকাল রাতে মুস্তাফিজুর রহমান ভূইয়া দিপু কানাডায় নিজের বা যৌথ কোনো বাড়ি থাকার বিষয়টি অস্বীকার করেন। তিনি জানান, তাঁর স্ত্রী ও সন্তানরা পড়াশোনার কারণে সেখানে থাকলেও তাদের নামে কোনো সম্পত্তি নেই।

LENS ASIA

তবে সংগৃহীত দলিলপত্রে যৌথ মালিকানার তথ্য থাকলেও তিনি তা মেনে নেননি বলে পোস্টে উল্লেখ করা হয়। পোস্টের শেষে সাংবাদিক জুলকারনাইন সায়ের নির্বাচনে অংশ নেওয়া প্রার্থীদের কাছ থেকে স্বচ্ছতা ও সততার প্রত্যাশার কথা তুলে ধরেন।

এ ঘটনায় প্রার্থীর হলফনামায় সম্পদের সঠিক তথ্য না দেওয়ার বিষয়টি নতুন করে আলোচনায় এসেছে। নির্বাচনকালীন সময়ে প্রার্থীদের স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করার প্রশ্নও সামনে এসেছে।